



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২২.২১.৯৮

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৮

৩০ মে ২০২১

বিষয়: চলতি বোরো সংগ্রহ, ২০২১ মৌসুমে চুক্তি সম্পাদনকারী হাস্কিং চালকলের চাল স্টিং (Sorting) করে গুদামে চাল সরবরাহ নিশ্চিতকরণ এবং চুক্তি সম্পাদনকারী চালকল মালিকদের চুক্তির চাল নির্ধারিত সময়সীমার মধ্যে গুদামে সরবরাহ নিশ্চিতকরণ।

সূত্র: ১। সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২২.২১.৬৪/১(১৫), তারিখ: ০২/০৫/২০২১ খ্রি:।  
২। খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৮৩.৩৫.০০১.২১.৯১, তারিখ: ০৬/০৫/২০২১ খ্রি:।  
৩। সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২২.২১.৮৮/১(১৭), তারিখ: ১৫/০৫/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি অভ্যন্তরীণ বোরো সংগ্রহ, ২০২১ মৌসুমে চাল সংগ্রহ কার্যক্রম গত ০৭/০৫/২০২১ খ্রি: তারিখ থেকে শুরু হয়েছে যা আগামী ১৬/০৮/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত চলবে। চলতি চাল সংগ্রহ মৌসুমে সিদ্ধ চালের লক্ষ্যমাত্রা ১০.০০ লাখ মেট্টন এবং আতপ চালের লক্ষ্যমাত্রা ১.০০ লাখ মেট্টন।


চাল সংগ্রহ বিষয়ে মাঠ পর্যায়ের বিভিন্ন স্তরের কর্মকর্তাগণের সাথে আলোচনা করে জানা যায় যে, কিছু কিছু হাস্কিং মিল মালিক কর্তৃক স্টিং না করে গুদামে চাল সরবরাহের প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে, যা মোটেও কাম্য নয়। এ ব্যাপারে সূত্রস্থ ১ ও ৩নং স্মারকে মাঠ পর্যায়ে সিদ্ধ ও আতপ চালের বিভাজন প্রেরণ পত্রে চুক্তি সম্পাদনকারী হাস্কিং চালকলের চাল স্টিং (Sorting) করে গুদামে সরবরাহ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। এ অবস্থায় চুক্তিবদ্ধ হাস্কিং চালকলের চাল স্টিং ছাড়া গুদামে সরবরাহ/গ্রহণ উক্ত নির্দেশনার পরিপন্থি। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় কার্যকরী নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

অপরদিকে চলতি বোরো সংগ্রহ, ২০২১ মৌসুমে চালকলের পাক্ষিক ছাঁটাইক্ষমতা অপেক্ষা চালের বরাদ্দ কম প্রদান করা হয়েছে। সে অনুযায়ী চুক্তিবদ্ধ অটোমেটিক ও হাস্কিং চালকল মালিকদের গুদামে দুর্ততম সময়ে চাল সরবরাহ করার কথা। চাউল সংগ্রহ ও নিয়ন্ত্রণ আদেশ, ২০০৮ এর ৯নং অনুচ্ছেদে উল্লেখ রয়েছে-

“সরকার কোন লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিকে তাহার চাউল কল হইতে, সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে ও পরিমাণে ছাঁটাইকৃত চাউল সরবরাহ করিবার নির্দেশ প্রদান করিতে পারিবে এবং উক্ত লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি সরকারের নিকট উক্তরূপ ছাঁটাইকৃত চাউল সরবরাহ করিতে বাধ্য থাকিবেন।”

এ ব্যাপারে সূত্রস্থ ২নং স্মারকে খাদ্য মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্রে গুদামে চাল সরবরাহের মাসভিত্তিক রোডম্যাপ দেয়া হয়েছে। সংগ্রহ মৌসুমের শুরু থেকে এ পর্যন্ত বাজারদের সংগ্রহের অনুকূলে রয়েছে এবং অধিকাংশ মিলের অনুকূলে বরাদ্দকৃত চালের পরিমাণ পাক্ষিক ছাঁটাইক্ষমতার নিচে। এমতাবস্থায়, চাউল সংগ্রহ ও নিয়ন্ত্রণ আদেশ, ২০০৮ এর শর্ত মোতাবেক এবং সংগ্রহের অন্যান্য নির্দেশনা অনুযায়ী দুর্ততম সময়ে সরকারি খাদ্যগুদামে চাল সরবরাহ করার বিষয়ে সংশ্লিষ্ট চুক্তিবদ্ধ মিলারদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে অনুরোধ করা হলো। দুর্ততম সময়ে চাল সরবরাহ না করে বিনা কারণে কালক্ষেপণ করে পরবর্তীতে চালের বাজারদের বৃদ্ধি পেয়ে সংগ্রহ সফল করার ক্ষেত্রে কোন জটিলতা দেখা

দিলে সংশ্লিষ্ট মিলার ও মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর তার দায় বর্তাবে। এবং চুক্তিবদ্ধ মিলারের বিরুদ্ধে চুক্তির শর্ত, সংগ্রহ বিষয়ক বিভিন্ন নির্দেশনা এবং চাউল সংগ্রহ ও নিয়ন্ত্রণ আদেশ, ২০০৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।



৩০-৫-২০২১

শেখ মুজিবর রহমান  
মহাপরিচালক


আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২২.২১.৯৮/১(১১)

তারিখ: ১৬ জৈষ্ঠ ১৪২৮  
৩০ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।



৩০-৫-২০২১

শেখ মুজিবর রহমান  
মহাপরিচালক